

PRINT

# সমকাল

## বঙ্গবন্ধু কৃষি বিশ্ববিদ্যালয়ে কর্মশালা

১১ ঘন্টা আগে

---

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে দুই দিনব্যাপী 'গবেষণা পর্যালোচনা' শীর্ষক কর্মশালা হয়ে গেল গত সোম ও মঙ্গলবার বিশ্ববিদ্যালয় অডিটরিয়ামে। এ কর্মশালার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক গিয়াসউদ্দীন মিয়ার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক তোফায়েল আহমেদ। সম্মানিত অতিথি ছিলেন বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনসিটিউটের মহাপরিচালক ড. নাথুরাম সরকার। বিশ্ববিদ্যালয়ের গবেষণায় অর্জিত সাফল্য বিষয়ে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের পরিচালক (গবেষণা) অধ্যাপক ড. একেএম আমিনুল ইসলাম।

অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছাড়াও দেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠান ও পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে আগত বিশিষ্ট আমন্ত্রিত অতিথিরা উপস্থিত ছিলেন। কর্মশালায় ছয়টি টেকনিক্যাল সেশনে মোট ৮০টি গবেষণা প্রস্তাবনা উপস্থাপনা করা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।

---

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)

